



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন, ৮ রাজউক এডিনিউ, লেভেল-২১, ঢাকা-১০০০।

বিজ্ঞপ্তি

বিষয়ঃ Online পদ্ধতির মাধ্যমে আইসিবি ইউনিট ফান্ডের লভ্যাংশ ধারণের ব্যাংক হিসাবে জমাকরণ প্রসঙ্গে।

আইসিবি ইউনিট সার্টিফিকেটের সম্মানিত ধারকগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১২-২০১৩ অর্থবছর হতে আইসিবি ইউনিট সার্টিফিকেটের বিপরীতে প্রদেয় লভ্যাংশ অন-লাইন পদ্ধতির মাধ্যমে ইউনিট সার্টিফিকেট ধারকগণের ব্যাংক হিসাবে সরাসরি জমা করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সে অনুযায়ী আগামী ২৯-০৬-২০১৭ তারিখের মধ্যে আইসিবি-র সকল ইউনিট ধারককে প্রতিটি রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে পৃথক পৃথক আবেদন ফরমে নিজ নিজ ব্যাংক হিসাব নম্বর, রাউটিং নম্বর, ব্যাংক ও শাখার নাম, টেলিফোন নম্বর উল্লেখপূর্বক চেকের পাতার ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি এবং ০১(এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করে প্রধান কার্যালয়ের ইউনিট ধারকগণকে সরাসরি প্রধান কার্যালয়ে এবং ব্যাংক ও শাখা কার্যালয় হতে ক্রয়কারী ইউনিট ধারকগণকে সংশ্লিষ্ট ব্যাংক ও শাখার মাধ্যমে আবেদন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

উল্লেখ্য যে, ইতঃপূর্বে আবেদনকারীগণ এবং সিআইপি অপশনভুক্ত ধারকগণের আবেদন করার আবশ্যিকতা নেই। স্মার্তব্য যে, কুরিয়ার সার্ভিস/ডাকযোগে লভ্যাংশ প্রেরণ অনেকেংশে ঝুঁকিপূর্ণ এবং সময়সাপেক্ষ বিধায় অন-লাইন পদ্ধতির মাধ্যমে ব্যাংক হিসাবে লভ্যাংশ প্রেরণ অধিকতর গ্রহণযোগ্য হয়ে থাকে।

নির্দেশক্রমে,

ধনঞ্জয় কুমার মজুমদার
সহকারী মহাব্যবস্থাপক
ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট
ফোনঃ ৯৫৬১০৭৪